গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুমকী, পটুয়াখালী।

স্মারক নং-০৫.১০.৭৮৫৫.০০১.০৫.০২.২২-৯৪

তারিখ ঃ ১৪-০২-২০২২খ্রিঃ।

## হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি-১৪২৯

### বিজ্ঞপ্তি নং- ১/১৪২৯ (১ম হতে ৪র্থ বার)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার দুমকী পরিষদের অধীন নিম্নবর্ণিত হাট বাজার সমূহ বাংলা ১৪২৯ সালের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত এক বছরের জন্য সরকারী নীতিমালা অনুযায়ী ইজারা প্রদানের নিমিত্তে (প্রতিটি হাট-বাজার পৃথকভাবে) ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত সময়সূচি ও শর্তাবলীর ভিত্তিতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

**হাট বাজারের নাম, দরপত্র দাখিলের তারিখ এবং কর্মসূচি ঃ**

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | দরপত্র দাখিলের তারিখ | | | | দরপত্র গ্রহণের সময় | | দরপত্র বাক্স খোলার সময় | কাঙ্খিত সরকারী মূল্য (বিগত ৩ বছরের গড় মূল্যসহ ৬% বৃদ্ধি) | দরপত্রের মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ বার | হতে | পর্যন্ত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. | পাংগাশিয়া ধোপার হাট- বাজার | ২০/০২/২২ | ২৪/০২/২২ | ২৮/০২/২২ | ০৬/৩/২২ | সকাল ৯টা | দুপুর ১.১৫টা | দুপুর ৩.০০টা | ১৪,৫০৭/- | ৫০০/- |
| ২. | পাংগাশিয়া হাজিরহাট বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫,০০০/- | ৫০০/- |
| ৩. | লেবুখালী নুতন হাট বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৯৯,১১০/- | ১,০০০/- |
| ৪. | লেবুখালী পুরাতন হাট বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ১,০০,১৭০/- | ৫০০/- |
| ৫. | মুরাদিয়া বোর্ড হাট বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৬,৭৭,২৮৪/- | ২,০০০/- |
| ৬. | আংগারিয়া হাট বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৬৩,৯৭২/- | ৫০০/- |
| ৭. | আঙ্গারিয়া কালভার্ট হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ২৪,২৭৪/- | ৫০০/- |
| ৮. | কদমতলা হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫,০০০/- | ৫০০/- |
| ৯. | পীরতলা হাট বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৯,৩২,১৬৪/- | ২,৪০০/- |
| ১০. | দুমকী নতুন বাজার হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ২,৩৩,১২৯/- | ১,০০০/- |
| ১১. | তালতলী হাট বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫,০০০/- | ৫০০/- |

বিস্তারিত তথ্য সম্বলিত দরপত্র ফরম সরকারী ছুটির দিন ব্যতীত দরপত্র দাখিলে পূর্বের দিন (প্রত্যেকবার পৃথকভাবে) পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী, সহকারী কমিশনার (ভূমি), দুমকী এর কার্যালয়, অফিসার ইনচার্জ, দুমকী থানা, সোনালী ব্যাংক লিঃ, দুমকী শাখা, দুমকী এবং নিম্নস্বাক্ষরকারীর অফিসে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাবে।

দরপত্র ফরম জেলা প্রশাসক, পটুয়াখালী, পুলিশ সুপারের কার্যালয়, পটুয়াখালী, সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, দুমকী এবং নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত বাক্সে উল্লেখিত সময়সূচি অনুযায়ী দাখিল করতে হবে।

**বাংলা ১৪২৯ সনের হাটবাজার ইজারার শর্তাবলী ঃ**

০১। বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ১৪২৯ সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দুমকী এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে, অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যর্পন করা হবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থাৎ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে না।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজার ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। ১ম বার আহবানকৃত কোন হাট-বাজারের দর যদি কমিটি কর্তৃক অনুমোদিত হয় তা হলে ঐ হাট-বাজারটির নাম ২য় বার আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং পর্যায়ক্রমে ৪র্থ বার পর্যন্ত অনুরূপভাবে চলবে।

এ ছাড়া দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

(মোঃ শাহাদাত হোসেন মাসুদ)
উপজেলা নির্বাহী অফিসার
দুমকী, পটুয়াখালী।